# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

## কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রতি কতিপয় নির্দেশনা

**পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষাকক্ষে আসন গ্রহণ করতে হবে**

১। পরীক্ষা শুরুর নির্দিষ্ট সময়ের পূর্বেই কেন্দ্রের নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের তালিকা তৈরী করতে হবে।

২। পরীক্ষা শুরুর নির্দিষ্ট সময়ের পূর্বেই ট্রেজারির ট্রাংকে রক্ষিত প্রশ্নপত্রের প্যাকেটের সাথে সরবরাহকৃত প্রশ্নপত্রের বিবরণীর তালিকা সঠিকভাবে যাচাই করতে হবে। এক্ষেত্রে প্রশ্নপত্রের প্যাকেট যাচাইকালে সংশ্লিষ্ট ট্রেজারি অফিসার, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, ট্যাগ অফিসার এবং পরীক্ষা পরিচালনা কমিটির সদস্যবৃন্দকে উপস্থিত থাকতে হবে।

৩। কেন্দ্রের বিষয়ভিত্তিক প্রকৃত পরীক্ষার্থীর সংখ্যা অনুযায়ী সকল প্রশ্নপত্র পাওয়া গেছে কিনা এ মর্মে প্রশ্নপত্র যাচায়ের পরপরই বোর্ডকে অবহিত করতে হবে।

৪। সৃজনশীল (CQ) প্রশ্নপত্রের প্রতি সেটের জন্য এবং বহুনির্বাচনি (MCQ) প্রশ্নপত্রের জন্য পরীক্ষার তারিখ অনুযায়ী আলাদা আলাদা করে সিকিউরিটি প্যাকেটে রাখতে হবে।

৫। ট্রেজারি/থানা হতে ট্যাগ অফিসার এবং পুলিশ ছাড়া প্রশ্নপত্রের সিকিউরিটি খাম নিয়ে কেন্দ্রে যাওয়া যাবে না।

৬। ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না।

৭। প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি) পরীক্ষার্থীদের উত্তরপত্র আলাদাভাবে হলুদ রং এর কাপড়ে বান্ডিল করে "বিমাকৃত পার্সেল"- এ অথবা হাতে হাতে পরীক্ষা নিয়ন্ত্রক অথবা উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় প্রেরণ করতে হবে।

৮। পরীক্ষা শেষে OMR এর উপরের অংশ কেন্দ্র হতে বোর্ডে প্রেরণের সময় বিষয়ওয়ারি পৃথক পৃথক প্যাকেটে প্রেরণ করতে হবে।

৯। বোর্ড হতে কেন্দ্রে প্রেরিত অলিখিত উত্তরপত্রের OMR এর লিথো কোড না থাকলে অথবা OMR অস্পষ্ট হলে তা ব্যবহার করা যাবে না। পরীক্ষা শুরুর পূর্বেই সেগুলি বাছাই করে বাদ দিতে হবে।

১০। ইংরেজি ভার্সন উত্তরপত্র কেন্দ্র হতে বোর্ডে প্রেরণের সময় বিষয়ওয়ারি হলুদ রং এর কাপড়ে বান্ডিল করে পরীক্ষা নিয়ন্ত্রক অথবা উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় প্রেরণ করতে হবে। তবে বান্ডিলের উপর অবশ্যই "ইংরেজি ভার্সন উত্তরপত্র" কথাটি বড় করে মার্কার কলম দিয়ে স্পষ্ট করে লিখতে হবে।

১১। পরীক্ষার্থীর হাজিরাপত্রে (স্বাক্ষরপত্র) অতিরিক্ত উত্তরপত্র গ্রহণের ঘরে অতিরিক্ত উত্তরপত্রের সিরিয়াল নং লেখা যাবে না। কেবলমাত্র কয়টি অতিরিক্ত উত্তরপত্র গ্রহণ করেছে সে সংখ্যাটি লিখতে হবে। সৃজনশীল এবং বহুনির্বাচনি বিষয়ে পরীক্ষায় ছাত্র/ছাত্রীদের হাজিরাপত্রে স্বাক্ষরের ঘরে পৃথক পৃথক করে স্বাক্ষর করতে হবে।

১২। বহিস্কৃত উত্তরপত্র বোর্ডের গোপনীয় শাখায় হাতে হাতে জমা দিতে হবে। বহিস্কৃত উত্তরপত্র ডাকযোগে প্রেরণ করতে হলে লাল রং এর কাপড় দিয়ে বান্ডিল করে "বিমাকৃত পার্সেল" পরীক্ষা নিয়ন্ত্রক অথবা গোপনীয় শাখায় প্রেরণ করতে হবে।

১৩। বহিস্কৃত উত্তরপত্রের সাথে গোপনীয় বিবরণী, নকলের কাগজপত্রে কক্ষ পরিদর্শকের স্বাক্ষরসহ প্রতিবেদন জমা দিতে হবে। কোন পরীক্ষার্থী নকল করলে উত্তরপত্রে নকলের লেখাগুলো লাল কালি দিয়ে আন্ডার লাইন করে দিতে হবে। গোপনীয় বিবরণীতে নকলের বিবরণ স্পষ্টভাবে খিলতে হবে।

১৪। পরীক্ষার্থীদের হাজিরাপত্র বোর্ডে প্রেরণের সময় রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে একশত করে সেলাই করে একত্রে কেন্দ্রভিত্তিক প্যাকেট করে বোর্ডে প্রেরণ করতে হবে।

১৫। কেন্দ্রের ব্যবহারিক উত্তরপত্র, হাজিরাপত্র, অনুপস্থিত বিবরণী ও ব্যবহারিক নম্বরফর্দ পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থায় ডাকে প্রেরণ করা যাবে না।

১৬। প্রতিষ্ঠানের ভুলের কারণে অনেক শিক্ষা প্রতিষ্ঠানে অতিরিক্ত প্রবেশপত্র ইস্যু করা হয়। কেন্দ্র ফিস আদায়ের সময় কতজন পরীক্ষার্থীর পরীক্ষার ফিস জমা দিয়েছে সে অনুসারে টাকা জমা দেয়ার ডকুমেন্ট দেখে কেন্দ্র ফিস আদায় করবেন এবং অতিরিক্ত প্রবেশপত্র বাতিলের জন্য লিখিতভাবে বোর্ডে ফেরত দেয়ার পরামর্শ দিবেন।

১৭। বহিস্কার তালিকা হাতে হাতে গোপনীয় শাখার সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক/সেকশন অফিসার এর কাছে জমা দিতে হবে।

১৮। পরীক্ষার হাজিরাপত্র স্বাক্ষরের সময় নিবন্ধন নম্বর, রোল নম্বর ও বিষয় কোড মিলিয়ে সংশ্লিষ্ট কক্ষের কক্ষ পরিদর্শক হাজিরাপত্রে স্বাক্ষর করবেন।

১৯। **পরীক্ষাকক্ষে প্রশ্নপত্র পাঠানোর সময় সিলেবাস সংক্রান্ত বিষয়টি নিশ্চিত হতে হবে। প্রতিটি কক্ষে পরীক্ষার্থীদের প্রয়োজনীয় সিলেবাস অনুসারে প্রশ্নপত্র সরবরাহ করতে হবে।**

২০। কেন্দ্র হতে লিখিত উত্তরপত্র বোর্ডে প্রেরণের সময় বান্ডিল লেবেলের সাথে প্যাকেটের ভিতরে বিষয় কোড ও উত্তরপত্রের হুবহু মিল থাকতে হবে।

অপর পাতায়-

২১। কেন্দ্র থেকে উত্তরপত্র বোর্ডে প্রেরণের সময় কোন অবস্থায় দুটি বিষয়ের উত্তরপত্র একটি বান্ডিলে প্রেরণ করা যাবে না। বিষয়ওয়ারি পৃথক পৃথক বান্ডিলে হালকা নীল রং এর কাপড় দিয়ে মুড়ে প্রেরণ করতে হবে।

২২। পরীক্ষার উত্তরপত্র ও OMR প্রেরণের সময় শিরোনামাপত্র ২ কপি তৈরী করতে হবে এক কপি OMR এর সাথে এবং অপরটি কেন্দ্রে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

২৩। কেন্দ্রের অনুপস্থিত বিবরণী পরীক্ষার তারিখ অনুযায়ী একই শিটে পৃথক পৃথক করে লিখতে হবে।

২৪। ৩০ নম্বরের বহুনির্বাচনি (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে ২ ঘন্ট ৩০ মিনিট। ব্যবহারিক বিষয় সম্বলিত পরীক্ষার ক্ষেত্রে ২৫ নম্বরের বহুনির্বাচনি (MCQ) অংশের জন্য সময় ২৫ মিনিট এবং ৫০ নম্বর সৃজনশীল (CQ) অংশের জন্য সময় ২ ঘন্টা ৩৫ মিনিট।

২৫। পরীক্ষা বিরতিহীনভাবে প্রশ্নপত্রে উল্লেখিত সময় পর্যন্ত চলবে। MCQ ও CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না।

ক) সকাল ১০:০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে
সকাল ০৯:৪৫ মিনিটে অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ
সকাল ১০:০০ টায় বহুনির্বাচনি প্রশ্নপত্র বিরতণ
সকাল ১০:৩০ মিনিটে বহুনির্বাচনি উত্তরপত্র OMR শিট সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ
(২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় ১০:২৫ মিনিট)

খ) দুপুর ০২:০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে
দুপুর ০১:৪৫ মিনিটে অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ
দুপুর ০২:০০ টায় বহুনির্বাচনি প্রশ্নপত্র বিরতণ
দুপুর ০২:৩০ মিনিটে বহুনির্বাচনি উত্তরপত্র OMR শিট সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ
(২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় ০২:২৫ মিনিট)

গ) ২০১৫ ও ২০১৬ সালের অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৫ ও ২০১৬ সালের সিলেবাস অনুসারে পরীক্ষার সময় বন্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

২৬। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

২৭। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে সংগ্রহ করবে।

২৮। প্রত্যেক পরীক্ষার্থী সরবরাহকৃত উত্তপত্রে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি OMR ফরমে যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই মার্জিনের মধ্যে লেখা কিংবা অন্য কোন প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

২৯। অত্যন্ত সর্তকতার সাথে সাল ও সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্রের মোড়ক খুলে প্রশ্নপত্র বিতরণ করতে হবে। এক্ষেত্রে কোন প্রকার ব্যতিক্রম ঘটলে ভারপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে তাৎক্ষণিক আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩০। প্রত্যেক পরীক্ষার্থী কেবল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্রে উল্লিখিত/বিষয়সমূহের পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই অন্য বিষয়ের পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।

৩১। কোন পরীক্ষার্থীর পরীক্ষা নিজ কলেজ/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না, পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

৩২। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৩৩। পরীক্ষা গ্রহণের সময় পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছাড়া অন্য কেউ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন নিতে পারবে না।

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন: ০৪২১-৬৮৬৬৬
ই-মেইল: controller@jessoreboard.gov.bd

প্রাপক:
ভারপ্রাপ্ত কর্মকর্তা
সকল এইচএসসি-২০১৯ পরীক্ষা কেন্দ্র
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর